

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mohfw.gov.bd


নং-স্বাপকম/প্রশা-১/এডি/আউট সোর্সিং-১২/২০০৭(অংশ-২)/ ২০১৯

তারিখঃ ১১/০৭/২০১৬ খ্রিস্টাব্দ  
২৭/০৩/১৪২৩ বঙ্গাব্দ

বিষয়ঃ আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য/নবসৃষ্ট পদসমূহ হালনাগাদ (২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য) সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান/মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানের ৩য় ও ৪র্থ শ্রেণির নবসৃষ্ট পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে পদ সংরক্ষণ ব্যতীত ছাড়পত্র/প্রশাসনিক অনুমোদন প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়। কোন কোন প্রতিষ্ঠানে আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদ না থাকার পরও আউট সোর্সিং এর মাধ্যমে পদ পূরণের প্রস্তাব করা হয়। এতে মন্ত্রণালয়কে প্রায়ই বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয় বিধায় মন্ত্রণালয় হতে গত ৩১/০৫/২০১৬ তারিখে নবসৃষ্ট ও আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের হালনাগাদ পদ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য অধিদপ্তর-কে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ইতোমধ্যে হালনাগাদ পদ সংরক্ষণ ব্যতীত কয়েকটি প্রতিষ্ঠান/হাসপাতাল হতে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পাওয়া যায়। হাসপাতালসমূহে আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য/নবসৃষ্ট পদসমূহ দ্রুত জনবল নিয়োগ করা না হলে পর্যাপ্ত জনবলের অভাবে স্বাস্থ্য সেবা বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে।

২। এমতাবস্থায়, হাসপাতালসমূহের সেবা কার্যক্রম যাতে ব্যাহত না হয় সে লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন এবং নবসৃষ্ট পদে ছাড়পত্র প্রদানের লক্ষ্যে আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য/নবসৃষ্ট পদসমূহ হালনাগাদ (২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- ২। সহকারী সচিব (পার-৪) শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।